দৈনিক ইত্তেফাক

31 JAN 2009

তারিখ 31 JAN 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# আজ সরস্বতী পূজা শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

আজ শনিবার সরস্বতী পূজা। মাঘ সংক্রান্তির পঞ্চমী তিথিতে হংসবাহনে চড়ে মা দুর্গাদুহিতা বিদ্যাদেবী সরস্বতী ঘুরে ফিরবেন হিন্দুভক্ত গৃহে। 'সরস্বত্যৈ নমঃ' কায়মনো প্রার্থনা, নৈবেদ্যের ভেতর ভক্তমনের পূজার্চনা, শ্রদ্ধাঞ্জলিতে জ্ঞানদেবী তার আয়ত চোখের পলক তুলবেন। ভক্তের বিদ্যা প্রার্থনার মনোকামনা পূর্ণ করবেন অকাতরে। জ্ঞান-প্রজ্ঞা আর সুরের দেবী সরস্বতী শিক্ষার আলোয় মানুষকে পথ দেখান। সুর আর বাণীর দ্যোতনায় মানব আত্মাকে করেন বিকশিত। বিদ্যা-বাণী-সুরের দেবী সরস্বতী পূজা উপলক্ষে হিন্দু সম্প্রদায়ের ঘরে ঘরে বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আজ সাড়ম্বরে বাণী অর্চনা অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে ইতিমধ্যে প্রায় অর্ধশত ঠাকুর স্থাপন করা হয়েছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আজ সরস্বতী পূজা

(প্রথম পৃঃ পর)

গতকাল পৃথক পৃথক বাণী দিয়েছেন।

দেশের বিদ্যাপীঠগুলো ছাড়াও মন্দিরে, গৃহে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্যে সরস্বতী পূজা উদযাপনের বিপুল আয়োজন করেছে হিন্দু সম্প্রদায়। বিশুদ্ধ পঞ্জিকা নির্ঘণ্টে সকাল ৮টায় বাণী অর্চনা, সাড়ে ৯টায় পুষ্পাঞ্জলি প্রদান, ১২টায় প্রসাদ বিতরণ হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল, শামসুন্নাহার হল, রোকেয়া হলে থাকছে বিশেষ পূজার বর্ণাঢ্য আয়োজন। ঢাকেশ্বরী মন্দির, রমনা কালিমন্দির, বুলবুল ললিত কলা একাডেমী, রদেশ্বরী কালিমাতা মন্দির, জগবন্ধু হাপ্রকাশ মঠ প্রাঙ্গণ প্রভৃতি স্থানসহ ারাদেশে পূজা হবে।

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন াহমেদ সরস্বতী পূজা উপলক্ষে গতকাল বিবার এক বাণীতে বাংলাদেশে ম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্যবাহী ধারা মুন্নত রেখে নিজ নিজ অবস্থান থেকে শ ও জাতির উন্নয়নে কাজ করার াহবান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরস্বতী পূজা উপলক্ষে এক বাণীতে হিন্দু সম্প্রদায়ের সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, দেবী সরস্বতী বিদ্যা, বাণী ও সুরের অধিষ্ঠাত্রী। ন্যায় ও সুন্দরের প্রতীক। জ্ঞান মানুষকে আলোর পথ দেখায়। সুর ও বাণী মনে আনে নির্মল প্রশান্তি। আমি আশা করি, দেশের হিন্দু সম্প্রদায়ের সকলে বিদ্যাচর্চা ও শাশ্বত বাঙালি সংস্কৃতি লালনের পাশাপাশি জাতির কল্যাণে তাদের অবদান সমুন্নত রাখবেন। সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্যের বন্ধন অটুট রেখে দেশের সার্বিক উন্নয়নে সকল নাগরিক ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসবেন।